রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ১১, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**নীতি ও সংগঠন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ/০৪ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ ।

**এস. আর. ও. নং ৩৫৫-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা **পররাষ্ট্র মন্ত্রণালয় কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮** নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "**কর্মচারী**" অর্থে কর্মকর্তাও অন্তর্ভুক্ত হইবেন;

(খ) "**কমিশন**" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(গ) "**তফসিল**" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) "**নিয়োগকারী কর্তৃপক্ষ**" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) "**পদ**" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(চ) "**প্রয়োজনীয় যোগ্যতা**" অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;

(ছ) "**বিভাগীয় প্রার্থী**" অর্থ কোনো নিয়োগ বিধিমালার অধীন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কোনো পদে কর্মরত কোনো কর্মচারী;



মূল্য : টাকা ৩০.০০

(জ) "**শিক্ষানবিশ**" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ঝ) "**সিজিপিএ**" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঞ) "**স্বীকৃত বিশ্ববিদ্যালয়**", "**স্বীকৃত বোর্ড**", "**স্বীকৃত ইনস্টিটিউট**" বা "**স্বীকৃত প্রতিষ্ঠান**" অর্থ আপাততঃ বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তিকে কোনো পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইবে।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে

অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) উক্তরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্তের ক্ষেত্রে, তদন্তের ফলাফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেড এর কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদুর্দ্ধ গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) কমিশন কর্তৃক নির্ধারিত সিলেবাস অনুযায়ী কমিশন কর্তৃক পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ না হইলে সিনিয়র সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, কমিশন কর্তৃক সিলেবাস প্রণয়ন ও পরীক্ষা গ্রহণ না করা পর্যন্ত এই বিধান প্রযোজ্য হইবে না:

আরও শর্ত থাকে যে, পঞ্চাশোর্ধ বয়সের কর্মকর্তাগণের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

(৪) এই বিধিমালায় ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে নিয়োগের কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ দেখা দিলে, উভয় কোটার ভগ্নাংশের সমষ্টিকে পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যোগ করিতে হইবে।

৬। **শিক্ষানবিশ।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে উক্ত বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।—(১)** এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা জারি হইবার সঙ্গে সঙ্গে,—

(ক) তফসিল-১ এর কলাম (১) এর ক্রমিক নং ১২ এর বিপরীতে উল্লিখিত সহকারী সাইফার কর্মকর্তা এবং সহকারী কনস্যুলার কর্মকর্তা পদে ২৮ ডিসেম্বর, ২০০৩ খ্রিস্টাব্দ তারিখে কর্মরত ব্যক্তিগণ দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উক্ত তারিখে উক্ত পদসমূহে পদায়িত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত তারিখের পরবর্তীতে উক্ত পদসমূহ তফসিল-১ এ বর্ণিত পদ্ধতিতে পূরণ করিতে হইবে এবং ২৮ ডিসেম্বর, ২০০৩ খ্রিস্টাব্দ তারিখে যে সকল সহকারী সাইফার কর্মকর্তা এবং সহকারী কনস্যুলার কর্মকর্তা স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদে পদায়িত হইয়াছেন তাহারা নন-গেজেটেড পদে যে কোটায় নিয়োগপ্রাপ্ত ছিলেন গেজেটেড পদেও সেই কোটায় নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন;

(খ) তফসিল-১ এর কলাম (১) এর ক্রমিক নং ১৩ ও ১৪ এর বিপরীতে উল্লিখিত প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা পদে ২৮ এপ্রিল, ১৯৯৭ খ্রিস্টাব্দ তারিখে কর্মরত ব্যক্তিগণ দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উক্ত তারিখে উক্ত পদসমূহে পদায়িত

হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত তারিখের পরবর্তীতে উক্ত পদসমূহ তফসিল-১ এ বর্ণিত পদ্ধতিতে পূরণ করিতে হইবে এবং ২৮ এপ্রিল, ১৯৯৭ খ্রিস্টাব্দ তারিখে যে সকল প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদে পদায়িত হইয়াছেন তাহারা নন-গেজেটেড পদে যে কোটায় নিয়োগপ্রাপ্ত ছিলেন গেজেটেড পদেও সেই কোটায় নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন।

(২) যে সকল কর্মকর্তার বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মকর্তাকে সহকারী সচিব বা সাইফার কর্মকর্তা পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১(এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬(৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৩) নিম্নবর্ণিত বিধিমালাসমূহে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হইবার পর হইতে তফসিল-১ এ উল্লিখিত পদসমূহের ক্ষেত্রে উক্ত বিধিমালাসমূহ প্রযোজ্য হইবে না এবং উক্ত ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে, যথা:—

(ক) The Stenographers and Steno-typists (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978;

(খ) The Typist (Ministries, Divisions and attached Departments) Recruitment Rules, 1978;

(গ) The Gazetted and Non-Gazetted Staff (Government of Transport Directorate) Recruitment Rules, 1984;

(ঘ) The Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984;

(ঙ) The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985;

(চ) The Public works Department (Gazetted Officers and Non-Gazetted Employees) Recruitment Rules, 1986;

(ছ) সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪;

(জ) সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনো-টাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০; এবং

(ঝ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪।

(৪) এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে উপ-বিধি (৩) এ উল্লিখিত কোনো বিধিমালার অধীনে কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে তাহা, যে সকল ব্যক্তির ক্ষেত্রে এই বিধিমালা

প্রযোজ্য হয় সেই সকল ব্যক্তির ক্ষেত্রে, যতদূর সম্ভব, এই বিধিমালার বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে; তবে এই বিধিমালা কার্যকর হইবার প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণের ক্ষেত্রে উক্ত বিধিমালাসমূহ বা অন্য কোনো বিধিমালার অধীনে ইতোপূর্বে গৃহীত কোনো ব্যবস্থা বা সম্পাদিত কার্যের বৈধতা ক্ষুণ্ন হইবে না।

**৮। রহিতকরণ ও হেফাজত।—(১)** এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে নিম্নবর্ণিত বিধিমালাসমূহ রহিত হইবে, যথা:—

(ক) The Gazetted Officers (Ministry of Foreign Affairs) Recruitment Rules, 1981;

(খ) The Wireless and Telephone Operators (Ministry of Foreign Affairs) Recruitment Rules, 1982;

(গ) The Ministry of Foreign Affairs (Non-Gazetted Employees) Recruitment Rules, 1984;

(ঘ) The Cypher Officers and Staff (Ministry of Foreign Affairs) Recruitment Rules, 1984; এবং

(ঙ) সহকারী সচিব (এক্স ক্যাডার) (পররাষ্ট্র মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ১৯৯৫।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত রহিত বিধিমালাসমূহের অধীন যে সকল কার্যাদি ইতোমধ্যে নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা কার্যকর হইবার তারিখে কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে তাহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | আইন উপদেষ্টা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-আইন উপদেষ্টা পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে সর্বমোট ১৭ (সতের) বৎসরের চাকরি। **প্রেষণের ক্ষেত্রে:** আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারের অতিরিক্ত সচিব বা সমপদমর্যাদাসম্পন্ন কোনো পদে চাকরি। |
| ২। | অনুবাদ কর্মকর্তা | ৪০ বৎসর, তবে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা এবং দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি, অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং (খ) আরবি, স্প্যানিস, জাপানিজ, চায়নিজ বা রুশ ভাষায় স্নাতক ডিগ্রি বা ডিপ্লোমা: তবে শর্ত থাকে যে, উল্লিখিত যে কোনো ভাষায় শিক্ষকতা, অনুবাদ বা গবেষণামূলক কাজের অভিজ্ঞতাকে অতিরিক্ত যোগ্যতা গণ্য করা হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | <u>প্রেষণের ক্ষেত্রে:</u><br>সরাসরি নিয়োগের জন্য প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতাসহ প্রজাতন্ত্রের সমপদমর্যাদাসম্পন্ন কোনো পদে চাকরি। |
| ৩। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র সহকারী সচিব বা দ্বিতীয় সচিব (ক্যাডার বহির্ভূত) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরিসহ নবম বা তদূর্ধ্ব গ্রেডের পদে সর্বমোট ১০ (দশ) বৎসরের চাকরি। |
| ৪। | উপ-আইন উপদেষ্টা | ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আন্তর্জাতিক আইনসহ আইন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) আইন পেশায় অন্যূন ১০ (দশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br><u>প্রেষণের ক্ষেত্রে:</u><br>আইন বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রীসহ প্রজাতন্ত্রের পঞ্চম গ্রেডভুক্ত কোনো পদে চাকরি। |
| ৫। | উপ-পরিচালক (সাইফার) | - | পদোন্নতির মাধ্যমে। | সাইফার কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬। | উপ-পরিচালক (টেকনিক্যাল) | ৩৮ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে—<br>(অ) সমুদ্রবিজ্ঞান, মেরিন সায়েন্স বা হাইড্রোগ্রাফি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি, অথবা ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি;<br>(আ) আন্তর্জাতিক সমুদ্র আইনে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(ই) সংশ্লিষ্ট কাজে ৮ (আট) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেরিন ইঞ্জিনিয়ারিং ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত।<br><u>প্রেষণের ক্ষেত্রে:</u><br>সরাসরি নিয়োগের জন্য প্রযোজ্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসহ প্রজাতন্ত্রের ষষ্ঠ গ্রেডভুক্ত কোনো পদে চাকরি। |
| ৭। | সিনিয়র সহকারী সচিব/দ্বিতীয় সচিব (ক্যাডার বহির্ভূত) | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী সচিব/তৃতীয় সচিব (ক্যাডার বহির্ভূত) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | কম্পিউটার অপারেশন সুপারভাইজার | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে কম্পিউটার সায়েন্সে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, অথবা ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার অপারেশন সম্পর্কিত কাজে অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৯। | সাইফার কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী সাইফার কর্মকর্তা বা সহকারী কনস্যুলার কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১০। | সহকারী সচিব/ তৃতীয় সচিব (ক্যাডার বহির্ভূত) | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা, সুপারিনটেনডেন্ট বা প্রটোকল অফিসার পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি :<br>তবে শর্ত থাকে যে, সহকারী সচিব-এর ফিডার পদে কর্মরত কোনো কর্মচারী এই বিধিমালা জারির পূর্বে অন্য কোনো নিয়োগ বিধিমালার অধীনে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে কেবল তাহার ক্ষেত্রে উক্ত বিধিমালায় বর্ণিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | লাইব্রেরিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগ না হওয়া পর্যন্ত প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে-<br>(ক) অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; **অথবা**<br>(খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; **অথবা**<br>(গ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি।<br>**প্রেষণের ক্ষেত্রে:**<br>সরকারি কোনো দপ্তর বা সংস্থায় সমপ্রকৃতির ও সমপদমর্যাদাসম্পন্ন পদে চাকরি। |
| ১২। | (ক) সহকারী সাইফার কর্মকর্তা;<br>(খ) সহকারী কনস্যুলার কর্মকর্তা<br>(পরস্পর বদলিযোগ্য পদ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে-<br>(অ) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ও ইংরেজিতে পারদর্শিতা; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-খ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) মোট পদের— (অ) ২০% পদ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রটোকল সহকারী ও কনস্যুলার সহকারী; (আ) ৮% পদ সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর; এবং (ই) ৭% পদ ওয়্যারলেস অপারেটর ও অভ্যর্থনাকারী-পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রে:** (ক) সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি; অথবা (খ) ওয়্যারলেস অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; অথবা (গ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রটৌকল সহকারী, কনসুলার সহকারী বা অভ্যর্থনাকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি: তবে শর্ত থাকে যে, ওয়্যারলেস অপারেটর ও অভ্যর্থনকারী পদধারীগণের ক্ষেত্রে কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ২০টি শব্দ এবং ইংরেজীতে ২০টি শব্দের গতি যোগ্যতা থাকিতে হইবে। |
| | | | (খ) মোট পদের ৬৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:** (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং (গ) তফসিল-২ এর অংশ-ক অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) মোট পদের-<br>(অ) ২৫% পদ সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর;<br>(আ) ১০% পদ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রটোকল সহকারী, কনস্যুলার সহকারী, টেলেক্স অপারেটর, টেলিফোন অপারেটর ও টাইপ রাইটার মেকানিক-পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৬৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ঘ) সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; অথবা<br>(ঙ) টেলেক্স অপারেটর পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; অথবা<br>(চ) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রটোকল সহকারী, কনস্যুলার সহকারী, টেলিফোন অপারেটর বা টাইপ রাইটার মেকানিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি :<br>তবে শর্ত থাকে যে, টেলেক্স অপারেটর, টেলিফোন অপারেটর ও টাইপ রাইটার মেকানিক পদধারীর ক্ষেত্রে কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ২০টি শব্দ এবং ইংরেজীতে ২০টি শব্দের গতি-যোগ্যতা থাকিতে হইবে।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-গ এবং অংশ-ছ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | সুপারিনটেনডেন্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>গবেষণা সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা উচ্চমান করণিক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-ক অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | প্রটোকল অফিসার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রটোকল সহকারী বা কনস্যুলার সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-ক অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৭। | গবেষণা সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | সাঁট-মুদ্রাক্ষরিক -কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-গ এবং অংশ-ছ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | উচ্চমান করণিক | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | টেলেক্স অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | ওয়্যারলেস অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২ | (ক) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক;<br>(খ) প্রটোকল সহকারী;<br>(গ) কনস্যুলার সহকারী<br>(পরস্পর বদলিযোগ্য পদ) | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের ৩০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসর, দপ্তরী বা প্যাকার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক বা বার্তাবাহক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলা ২০টি শব্দ এবং ইংরেজীতে ২০টি শব্দের গতি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-গ এবং অংশ-জ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ । |
| ২৩। | অভ্যর্থনাকারী | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪। | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৫। | ইমাম | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে: মোয়াজ্জিন পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। সরাসরি নিয়োগের ক্ষেত্রে : (ক) কোনো স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ফাজিল পরীক্ষায় উত্তীর্ণসহ ক্বোরআনে হাফেজ: তবে শর্ত থাকে যে, ইমাম হিসাবে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারপ্রাপ্ত হইবেন; এবং (খ) তফসিল-২ এর অংশ-ঙ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ । |
| ২৬। | টাইপ রাইটার মেকানিক | ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং (গ) তফসিল-২ এর অংশ-গ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রিক্যাল বা সমমানের ট্রেডের বেসিক কোর্স উত্তীর্ণের সনদ অথবা সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) পদ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-ঘ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮। | গাড়ীচালক | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) মোট পদের ৭% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৯৩% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে, শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পুরণ করা যাইবে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) ডেসপাচ রাইডার পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসর অথবা যানবাহন মেকানিক বা বাস হেলপার-কাম-ক্লিনার পদে অন্যূন ০৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শিতা; এবং<br>(গ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের পরীক্ষকের উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং উক্ত পরীক্ষক কর্তৃক সুপারিশকৃত।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শিতা; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-ঘ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৯। | ডেসপাচ রাইডার | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মোটর সাইকেল চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শিতা; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০। | ফটোকপি অপারেটর | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>(ক) দপ্তরী পদে অন্যূন ৩ (তিন) বৎসর অথবা অফিস সহায়ক বা বার্তাবাহক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা।<br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | দপ্তরী | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহায়ক বা বার্তাবাহক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩২। | প্যাকার | অনূর্ধ্ব ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং (গ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩। | যানবাহন মেকানিক | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত বোর্ড কর্তৃক অনুমোদিত অটোমোবাইল বা সমমানের ট্রেডে বেসিক কোর্সের সনদ; এবং (গ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪। | বাস হেলপার-কাম-ক্লিনার | ৩০ বৎসর, তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং (গ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫। | মোয়াজ্জিন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন আলিম পরীক্ষায় উত্তীর্ণসহ ক্বোরআনে হাফেজ; তবে শর্ত থাকে যে, সুকণ্ঠের অধিকারী ব্যক্তি অগ্রাধিকার প্রাপ্ত হইবেন; এবং (খ) তফসিল-২ এর অংশ-ঙ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৬। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭। | বার্তাবাহক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ পদ সংশ্লিষ্ট কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) তফসিল-২ এর অংশ-চ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

## তফসিল-২

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

### অংশ-ক

প্রশাসনিক কর্মকর্তা, সুপারিনটেনডেন্ট ও প্রটোকল অফিসার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী | | | নম্বর | | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা: | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৩ ঘন্টা |
| | | (অ) | বাংলা | ৫০ | ২০০ | | |
| | | (আ) | ইংরেজী | ১০০ | | | |
| | | (ই) | গণিত | ২৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ২৫ | | | |
| ২। | (খ) | মৌখিক পরীক্ষা | | | ২৫ | | |
| | | | | সর্বমোট নম্বর : | ২২৫ | | |

ব্যাখ্যা: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

### অংশ-খ

সহকারী সাইফার কর্মকর্তা এবং সহকারী কনস্যুলার কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী | | | নম্বর | | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা: | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৩ ঘন্টা |
| | | (অ) | বাংলা (রচনামূলক প্রশ্ন) | ২৫ | ২০০ | | |
| | | (আ) | বাংলা (সংক্ষিপ্ত প্রশ্ন) | ২৫ | | | |
| | | (ই) | ইংরেজী (রচনামূলক প্রশ্ন) | ৫০ | | | |
| | | (ঈ) | ইংরেজী (সংক্ষিপ্ত প্রশ্ন) | ৫০ | | | |
| | | (উ) | গণিত (কুইজ টাইপ) | ২৫ | | | |
| | | (ঊ) | সাধারণ জ্ঞান (কুইজ টাইপ) | ২৫ | | | |
| ২। | (খ) | **মৌখিক পরীক্ষা** | | | ২৫ | | |
| | | | | **সর্বমোট নম্বর :** | **২২৫** | | |

ব্যাখ্যা: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## অংশ-গ

ব্যক্তিগত কর্মকর্তা, গবেষণা সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান করণিক, টেলেক্স অপারেটর, ওয়্যারলেস অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রটোকল সহকারী, কনস্যুলার সহকারী, অভ্যর্থনাকারী, টেলিফোন অপারেটর এবং টাইপ রাইটার মেকানিক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী | | | নম্বর | | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা: | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | | (অ) | বাংলা | ২০ | ১০০ | | |
| | | (আ) | ইংরেজী | ৫০ | | | |
| | | (ই) | গণিত | ১৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ১৫ | | | |
| ২। | (খ) | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| | | | | সর্বমোট নম্বর : | ১১০ | | |

ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন। তবে ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হইবে।

## অংশ-ঘ

**ইলেক্ট্রিশিয়ান ও গাড়ী চালক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি**

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী | | | নম্বর | | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা: | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | | (অ) | বাংলা | ২০ | ৮০ | | |
| | | (আ) | ইংরেজী | ২০ | | | |
| | | (ই) | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| | | (ঈ) | পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | | |
| ২। | (খ) | মৌখিক পরীক্ষা | | | ২০ | | |
| | | | | সর্বমোট নম্বর : | ১০০ | | |

ব্যাখ্যা: (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) গাড়ীচালক পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের পরীক্ষকের উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং উক্ত পরীক্ষক কর্তৃক সুপারিশকৃত হইতে হইবে।

**অংশ-ঙ**

**ইমাম ও মোয়াজ্জিন পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="3">পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী</th><th colspan="2">নম্বর</th><th>সর্বনিম্ন পাস নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td>(১)</td><td colspan="3">(২)</td><td colspan="2">(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td rowspan="6">১।</td><td rowspan="6">(ক)</td><td colspan="2">লিখিত পরীক্ষা:</td><td>বিষয় ভিত্তিক নম্বর</td><td>মোট নম্বর</td><td rowspan="6">৫০%</td><td rowspan="6">৯০ মিনিট</td></tr>
<tr><td>(অ)</td><td>বাংলা</td><td>১০</td><td rowspan="5">৮০</td></tr>
<tr><td>(আ)</td><td>ইংরেজী</td><td>১০</td></tr>
<tr><td>(ই)</td><td>গণিত</td><td>১০</td></tr>
<tr><td>(ঈ)</td><td>সাধারণ জ্ঞান</td><td>২০</td></tr>
<tr><td>(উ)</td><td>কোরআন ও হাদিস সংক্রান্ত</td><td>৩০</td></tr>
<tr><td>২।</td><td>(খ)</td><td colspan="3">মৌখিক পরীক্ষা</td><td>২০</td><td rowspan="2"></td><td rowspan="2"></td></tr>
<tr><td colspan="5">সর্বমোট নম্বর :</td><td>১০০</td></tr>
</table>

ব্যাখ্যা : (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**অংশ-চ**

ফটোকপি অপারেটর, ডেসপাচ রাইডার, প্যাকার, যানবাহন মেকানিক, বাস হেলপার-কাম-ক্লিনার, অফিস সহায়ক, বার্তাবাহক, মালি ও পরিচ্ছন্নতা কর্মী পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="3">পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী</th><th colspan="2">নম্বর</th><th>সর্বনিম্ন পাস নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td>(১)</td><td colspan="3">(২)</td><td colspan="2">(৩)</td><td>(৪)</td><td>(৫)</td></tr>
<tr><td rowspan="4">১।</td><td rowspan="4">(ক)</td><td colspan="2">লিখিত পরীক্ষা:</td><td>বিষয় ভিত্তিক নম্বর</td><td>মোট নম্বর</td><td rowspan="4">৫০%</td><td rowspan="4">৬০ মিনিট</td></tr>
<tr><td>(অ)</td><td>বাংলা</td><td>১৫</td><td rowspan="3">৪০</td></tr>
<tr><td>(আ)</td><td>ইংরেজী</td><td>১৫</td></tr>
<tr><td>(ই)</td><td>গণিত</td><td>১০</td></tr>
<tr><td>২।</td><td>(খ)</td><td colspan="3">মৌখিক পরীক্ষা</td><td>১০</td><td rowspan="2"></td><td rowspan="2"></td></tr>
<tr><td colspan="5">সর্বমোট নম্বর ”</td><td>৫০</td></tr>
</table>

ব্যাখ্যা: (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) ডেসপাচ রাইডার পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের পরীক্ষকের উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং উক্ত পরীক্ষক কর্তৃক সুপারিশকৃত হইতে হইবে।

**অংশ-ছ**

ব্যক্তিগত কর্মকর্তা ও সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে

**সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি**

| পদের নাম | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| **সাঁটলিপি** | | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা: (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজী উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**অংশ-জ**

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রটোকল সহকারী এবং কনসুলার পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি

| ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যাঃ (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদুল হক**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd